

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
অধিশাখা-৪

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫ বৈশাখ ১৪২৩

২৮ এপ্রিল ২০১৬

স্মারক : ৪৩.০০.০০০০.১১৫.০১.০০৬.১১(অংশ-৩)-১৮১

বিষয় : ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩ তম বৈঠকের বিজ্ঞপ্তি প্রেরণ।

সূত্র : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের স্মারক: ১১.০০.০০০০.৭০৮.৪৬.০১৯.১৪/১১৪, তারিখ: ২৭ এপ্রিল ২০১৬


উপর্যুক্ত বিষয় ও সূত্রবদ্ধ পত্রের আলোকে ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩ তম বৈঠক আগামী ০৪.০৫.২০১৬ তারিখ রোজ বুধবার বিকাল ৩:০০ টায় বাংলাদেশ জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচিতে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নবর্ণিত দুটি বিষয় অন্তর্ভুক্ত রয়েছে:

আলোচ্যসূচি (খ) বিগত সপ্তম বৈঠক হতে একাদশ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

আলোচ্যসূচি (গ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীর শূন্যপদের তথ্য উপস্থাপন এবং শূন্য পদসমূহ পূরণে গৃহীত পদক্ষেপ সম্পর্কে আলোচনা।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত আলোচ্যসূচি (খ) অনুযায়ী এবং আলোচ্যসূচি (ঘ) অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে প্রণীত প্রতিবেদন/তথ্যাদিসমূহ (৪০ সেট) আগামী ০২.০৫.২০১৬ তারিখের মধ্যে (ফ্যাক্স-৯৫৭৬৫৩৫ এবং ই-মেইল : [shahjahancopy@yahoo.com](mailto:shahjahancopy@yahoo.com) মারফত) জরুরীভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : যথাবর্ণনা।

  
হাসনা জাহান খানম  
উপসচিব  
ফোন: ৯৫৭০৬৬৫  
ই-মেইল: [ds\\_sec4@moca.gov.bd](mailto:ds_sec4@moca.gov.bd)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
- ৬। পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ধানমন্ডি, ঢাকা।
- ৮। পরিচালক, জাতীয় গ্রন্থাকেন্দ্র, গুলিস্থান, ঢাকা।
- ৯। রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১০। উপসচিব (প্রশাসন)/উপসচিব(প্রশাসন-২)/উপসচিব-২/উপসচিব-৩/উপসচিব(অধিশাখা-৭)/উপপ্রধান/সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
- ১২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
- ১৩। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
- ১৪। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার।
- ১৫। পরিচালক, কল্পবাজার সাংস্কৃতি কেন্দ্র, কল্পবাজার।
- ১৬। ভারপ্রাপ্ত পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাংগামাটি।
- ১৭। ভারপ্রাপ্ত পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
- ১৮। পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি/গার্ড ফাইল।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে  
কমিটি শাখা-৮

নং-১১.০০.০০০০.৭০৮.৪৬.০১৭.১৪/১১৪

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ  
২৭ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩তম বৈঠক আগামী ০৪ মে ২০১৬ খ্রিষ্টাব্দ (২১ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ) তারিখ রোজ বুধবার বিকাল ৩:০০ ঘটিকায় সংসদ ভবনের পশ্চিম ব্লকের ২য় লেভেলে অবস্থিত ১নং স্থায়ী কমিটি কক্ষে অনুষ্ঠিত হবে।

২। কমিটির নিম্নবর্ণিত মাননীয় সদস্যবৃন্দকে উক্ত বৈঠকে অংশ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো :

ক্রমিক নং	মাননীয় সংসদ সদস্যবৃন্দের নাম	নির্বাচনী এলাকা	কমিটিতে পদবি
১।	বেগম সিমিন হোসেন (রিমি)	১৯৭ গাজীপুর-৪	সভাপতি
২।	জনাব আসাদুজ্জামান নূর	১৩ নীলফামারী-২	সদস্য
৩।	জনাব কাজী কেলামত আলী	২০৯ রাজবাড়ী-১	সদস্য
৪।	বেগম সাওফতা ইয়াসমিন	১৭২ মুসিগঞ্জ-২	সদস্য
৫।	জনাব মনোরঞ্জন শীল গোপাল	৬ দিনাজপুর-১	সদস্য
৬।	মমতাজ বেগম	১৬৯ মানিকগঞ্জ-২	সদস্য
৭।	জনাব পংকজ নাথ	১২২ বরিশাল-৪	সদস্য
৮।	জনাব এম. এ হান্নান	১৫২ ময়মনসিংহ-৭	সদস্য
৯।	বেগম পিনু খান	৩২৩ মহিলা আসন-২৩	সদস্য
১০।	বেগম জেবুন্নেছা আফরোজ	১২৩ বরিশাল-৫	সদস্য

৩। বৈঠকের আলোচ্যসূচি :

- বিগত দ্বাদশ বৈঠকের কার্যবিবরণী নিশ্চিতকরণ;
- বিগত সপ্তম বৈঠক হতে একাদশ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর অধীন অবিদগুর/দগুর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীর শূণ্য পদের তথ্য উপস্থাপন এবং শূণ্য পদসমূহ পূরণে গৃহীত পদক্ষেপ সম্পর্কে আলোচনা; এবং
- বিবিধ।

(মোঃ মুনিম হািসান)

উপ-সচিব (অর্থ ও বাজেট ব্যবস্থাপনা)

ও

কমিটি সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

ফোনঃ ৮১৭১২৬০।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

আলোচ্যসূচি : (খ) দশম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৭ম বৈঠক হতে ১১ তম বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি:

ক্রঃ	বৈঠকের সংখ্যা এবং তারিখ	বৈঠকে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়ন অগ্রগতি/মন্তব্য
০১.	৭ম বৈঠক ২৬.০৫.২০১৫	(ক) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক সকল যুদ্ধাপরাধীদের বিচার শেষে রায়ের মূল কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে সার্টিফাইড কপি মন্ত্রণালয় কর্তৃক জাতীয় আর্কাইভস এ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;	
		(খ) রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ও কক্সবাজার জেলায় অবস্থিত ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট পরিচালনার ক্ষেত্রে মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে একটি যুগোপযোগী প্রবিধানমালা প্রণয়ন করা;	
		(গ) আর্কাইভ অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী ক্ষুদ্র নৃগোষ্ঠীর ১০০ বছর আগের সাংস্কৃতিক কর্মকাণ্ডের পাণ্ডুলিপিসমূহ সংরক্ষণ করা;	
		(ঘ) দেশী/বিদেশী পর্যটকদের আকৃষ্ট করার লক্ষ্যে কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্রকে নতুন করে টেলে সাজানোর জন্য করণীয় নির্ধারণ করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা;	
		(ঙ) দেশী/বিদেশী পর্যটকদের আকৃষ্ট করার লক্ষ্যে কুয়াকাটা ও কক্সবাজারসহ তিন পার্বত্য জেলায় প্রতিদিন না হলেও অন্ততপক্ষে সপ্তাহে এক ঘন্টা করে যাতে স্থানীয় সাংস্কৃতিক প্রোগ্রাম চালু থাকে সে ব্যাপারে কার্যকর উদ্যোগ গ্রহণ করা;	
		(চ) উপজেলা পর্যায়ে সার্বিক সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনার জন্য প্রাথমিক পর্যায়ে অন্তত একজন করে কালচারাল অফিসার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা;	
		(ছ) জেলা পর্যায়ে শিল্পকলা একাডেমীর কার্যক্রম সুচারুরূপে পরিচালনার জন্য একটি করে মাইক্রোবাস সরবরাহের জন্য প্রস্তাব দেয়া;	
		(জ) সরকারি অর্থের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে লাইব্রেরিসমূহ সরকারি অনুদান প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্য উক্ত লাইব্রেরির বর্তমান চলমান অবস্থা সম্পর্কে অবহিত রয়েছেন মর্মে নিশ্চিত হয়ে সুপারিশ করার ব্যবস্থা গ্রহণ করা;	
		(ঝ) দেশের যে সকল অঞ্চলে প্রত্নতত্ত্ব নিদর্শন রয়েছে সেগুলোকে চিহ্নিত করে সঠিকভাবে সংরক্ষণের ব্যবস্থা করা; এবং	
		(ঞ) দেশের বর্তমান এ্যাক্রোবেটিক কার্যক্রম বাঁচিয়ে রাখার লক্ষ্যে ছোট ছোট প্রদর্শনীর আয়োজন করা, পাশাপাশি কম বয়সী নতুন ছেলেমেয়েদের দলবদ্ধ করে উপযুক্ত এ্যাক্রোবেটিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।	

ক্রঃ	বৈঠকের সংখ্যা এবং তারিখ	বৈঠকে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়ন অগ্রগতি/মন্তব্য
০২.	৮ম বৈঠক ২৬.০৫.২০১৪	<p>(ক) বাংলাদেশ জাতীয় জাদুঘর ও পাবলিক লাইব্রেরিতে আগত দর্শনার্থীগণের প্রবেশ পথ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার সুবিধার্থে সম্মুখের রাস্তায় অবস্থিত ভ্রাম্যমাণ টং দোকান সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা;</p> <p>(খ) আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরির ৬১টি পদ সৃজনের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মতির জন্য সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;</p> <p>(গ) গণগ্রন্থাগার অধিদপ্তরের টয়লেটগুলো প্রতিদিন পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;</p> <p>(ঘ) কার্শিল্লীদের খুঁজে বের করা, তাদের কর্মের গবেষণা করা, কার্শিল্লের প্রচার ও প্রসার করা এবং কার্শিল্লীদের পুনর্বাসন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;</p> <p>(ঙ) সদ্য প্রাপ্ত এক আবেদনের উল্লিখিত ২টি নৃগোষ্ঠীর নাম যথা: (১) সিং (রাউতিয়া) এবং (২) বুনো জাতির নাম অন্তর্ভুক্তসহ সর্বমোট কতটি নৃগোষ্ঠি বাংলাদেশে আছে এতদসংক্রান্ত বিষয়ে গঠিত উপকমিটি কর্তৃক প্রণীত ও জেলা প্রশাসক কর্তৃক প্রেরিত নৃগোষ্ঠীর পৃথক তালিকা আগামী সভায় উপস্থাপন;</p> <p>(চ) মনিপুরী ললিতকলা একাডেমি মৌলভীবাজার এবং বিরিশিরি কালচার একাডেমি নেত্রকোণায় অবস্থিত নৃগোষ্ঠি কর্তৃক গবেষণা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড সচল রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।</p>	
০৩.	৯ম বৈঠক ২০.০৯.২০১৫	<p>(ক) আগামী দিনে আরও সতর্কতার সংগে সঠিকভাবে ভাষা বিন্যাস করে কার্যবিবরণী প্রস্তুত করার ব্যাপারে সচেতন থাকা;</p> <p>(খ) পাবলিক লাইব্রেরির শওকত ওসমান মিলনায়তন এর সাথে সংযুক্ত শৌচাগারগুলোকে পরিবেশ সম্মতভাবে সংরক্ষণ ও নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করে সার্বক্ষণিক ব্যবহার উপযোগী রাখা;</p> <p>(গ) বাংলাদেশের সাথে রাজনৈতিক ও সাংস্কৃতিক গুরুত্ব এবং বাঙালিদের বসবাসের বিষয়টি বিবেচনায় এনে জরুরি ভিত্তিতে নিউইংক, লন্ডন, সিডনি, রোম এবং কোলকাতায় অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে কালচারাল সেন্টার এবং উপযোগিতা অনুযায়ী বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের দূতাবাসে কালচারাল উইং স্থাপন করা;</p> <p>(ঘ) জরুরিভিত্তিতে মন্ত্রণালয় কর্তৃক একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রকৃত সংজ্ঞা নিরূপণপূর্বক জেলা প্রশাসকগণ কর্তৃক প্রেরিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর তালিকা যাচাই বাছাইয়ের জন্য কমিটি পুনর্গঠন করে তাদের নাম বৈঠকে পেশ করা;</p> <p>(ঙ) জেলা পর্যায়ের গণগ্রন্থাগার ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠানের জন্য একটি করে মাইক্রোবাস সরবরাহের উদ্দেশ্যে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব পেশ করা এবং এ ব্যাপারে সভাপতি কর্তৃক কমিটির মাননীয়</p>	



ক্রঃ	বৈঠকের সংখ্যা এবং তারিখ	বৈঠকে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়ন অগ্রগতি/মন্তব্য
		সদস্যগণকে নিয়ে মাননীয় অর্থমন্ত্রীর সাথে বৈঠক করা;	
		(চ) দরিদ্র ও ক্ষুদ্র নৃগোষ্ঠী মানুষ যাতে নিজস্ব সংস্কৃতি ধরে রাখতে সক্ষম হয় সেজন্য তাদেরকে আর্থিক সক্ষমতা বৃদ্ধিতে সহযোগিতা করে কিভাবে তাদের আরও সচেতন করে গড়ে তোলা যায় সে ব্যাপারে পরিকল্পনা গ্রহণ করা;	
		(ছ) রেজিস্ট্রারের উপস্থিতিতে কপিরাইট অফিসের সার্বিক কার্যক্রম নিয়ে পরবর্তী বৈঠকে আলোচনা করা;	
		(জ) ভবিষ্যতে বিদেশে সাংস্কৃতিক টিম প্রেরণের ক্ষেত্রে একজন করে ক্ষুদ্র নৃগোষ্ঠী শিল্পী অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করা;	
		(ঝ) রাজবাড়ী শিল্পকলা একাডেমি ভবন সংস্কারের অগ্রগতি কী পর্যায়ে আছে তা আগামী বৈঠকে উপস্থাপন করা।	
০৪.	১০ম বৈঠক ২৫.১০.২০১৫	(ক) অর্গানোগ্রাম সংশোধনপূর্বক জেলা শিল্পকলা একাডেমিসমূহে একটি করে মাইক্রোবাস ক্রয়ের প্রস্তাব টিওএন্ডইতে অন্তর্ভুক্ত করা;	
		(খ) জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত নৃগোষ্ঠীর তালিকা পরীক্ষা নিরীক্ষা করে তা চূড়ান্ত করে কমিটির বৈঠকে উপস্থাপন করা;	
		(গ) প্রতিটি বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে শিল্পকলা একাডেমিসমূহের বর্তমান অবস্থা কী সে সম্পর্কে একটি পূর্ণাঙ্গ বিবরণ আগামী বৈঠকে উপস্থাপন করা;	
		(ঘ) মাননীয় অর্থ মন্ত্রী মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাতের পূর্বে বর্তমান অর্থবছরে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটে খাতওয়ারী বরাদ্দের বাইরে কী পরিমাণ বরাদ্দ পেলে মন্ত্রণালয় নতুন নতুন প্রকল্প গ্রহণ করে সামনের দিকে অগ্রসর হতে পারে সে সম্পর্কিত একটি চাহিদাপত্র প্রস্তুত করে কমিটিতে উপস্থাপন এবং দ্রুততম সময়ে কমিটি কর্তৃক বিষয়টি নিয়ে মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাত করা;	
		(ঙ) জেলা পর্যায়ে এলজিইডি কর্তৃক নির্মিত শিল্পকলা একাডেমীর অডিটরিয়ামগুলোর সাইন্ড সিস্টেম উন্নত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ করা;	
		(চ) শিল্পকলা একাডেমি কর্তৃক আগামী দিনে কী কী কর্মসূচি গ্রহণ করা হবে সে সম্পর্কিত একটি কার্যপত্র প্রস্তুত করে আগামী বৈঠকে উপস্থাপন করা;	
		(ছ) পর্যটকদের আকৃষ্ট করার লক্ষ্যে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অধীন ৪৫১টি স্থাপনা সংরক্ষণ ও উন্নয়নকল্পে আরো অর্থ বরাদ্দের পাশাপাশি এ খাতে টিকেট বিক্রি বাবদ প্রাপ্ত আয় যাতে নিজস্ব ডিপার্টমেন্টের সংরক্ষণ ও মেরামত কাজে ব্যয় করা যায় সে ব্যাপারে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অর্থ মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পেশ করা;	
		(জ) উপজেলা পর্যায়ে ব্যানবেইস এর রিসোর্স সেন্টার নির্মাণ প্রকল্পের পরিবর্তে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন শিল্পকলা একাডেমি	

ক্রঃ	বৈঠকের সংখ্যা এবং তারিখ	বৈঠকে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়ন অগ্রগতি/মন্তব্য
		ভবনেই গণগ্রন্থাগার স্থাপন করার পদক্ষেপ গ্রহণ করা;	
		(ঝ) সাম্প্রতিক সময়ে কোন্ কোন্ দেশে সাংস্কৃতিক টিম গেছে এবং আগামীতে যাবে তার তালিকা আগামী বৈঠকে পেশ করা।	
০৫.	১১ তম বৈঠক ০৮.১২.২০১৫	(ক) প্রতিটি উপজেলায় একজন করে কালচারাল অফিসারের পদ সৃজন এবং টিওএন্ডইতে প্রতিটি জেলায় একটি করে মাইক্রোবাস অন্তর্ভুক্তির সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করা;	
		(খ) জাতীয় সংস্কৃতি নীতি-২০০৬ অনুযায়ী মাতৃভাষা ইনস্টিটিউটের অধীন ক্ষুদ্র নৃগোষ্ঠীর নিজস্ব ভাষা, সংস্কৃতি ও জাতিগোষ্ঠীর ইতিহাস সংরক্ষণ ও আর্কাইভ স্থাপনের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কার্যকর পদক্ষেপ গ্রহণে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতা প্রদান করা;	
		(গ) মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে কপিরাইট অফিসের শূন্যপদে লোক নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করা;	
		(ঘ) বৈঠকে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী বৈঠকের পরিবর্তে একটি বৈঠক পরে উপস্থাপন করা;	
		(ঙ) পরিকল্পনা কমিশনে উপস্থাপিত প্রকল্পগুলো দ্রুত অনুমোদনের জন্য কমিটির পক্ষ থেকে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাৎ করা।	